গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৬২.২৬. ২১৬

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ / ২৫ আগস্ট ২০২৬

বিষয়: জনাব মোঃ রবিউল ইসলাম, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নম্বর ২২/২০২৬ তারিখ ২৫/০৮/২০২৬)।

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ রবিউল ইসলাম, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ প্রাক্তন কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, সিংগাইর, মানিকগঞ্জ কর্মকালীন বিগত ২১/০৫/২০২৬ হতে ৩১/০৫/২০২৬ তারিখ পর্যন্ত ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। ছুটি শেষে কর্মস্থলে উপস্থিত থাকার কথা থাকলেও আপনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকেন। এবিষয়ে সংশ্লিষ্ট কার্যালয় হতে ০৮/০৬/২০২৬ তারিখ ৪১.০১.৫৬৮২.০১৫.১৭৪.১৬.২৫.১২০ সংখ্যক স্মারক এবং ১৪/০৬/২০২৬ তারিখ ৪১.০১.৫৬৮২.০১৫.১৭৪.১৬.২৫.১২৫ সংখ্যক স্মারক মূলে আপনাকে কৈফিয়ত তলব করা হয়। আপনি কৈফিয়ত তলবের তোয়াক্কা না করে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার এহেন আচরণে মাঠপর্যায়ে তদারকিসহ দাপ্তরিক কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে যা সরকারের ভাবমুর্তি ক্ষুন্ন করছে।

যেহেতু, আপনার বিরুদ্ধে উল্লিখিত অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা ২৮/০৭/২০২৬ তারিখ ৪১.০১.৩০০০.০০০.০০০.২৭.০০০৪.২৫.৩৬২ সংখ্যক স্মারক মূলে অনুরোধ করেন;

যেহেতু, আপনার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ রবিউল ইসলাম কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

২৫/৮/২৫

**(মোঃ সাইফুল ইসলাম)**
**উপসচিব**
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব মোঃ রবিউল ইসলাম
ইউনিয়ন সমাজকর্মী
উপজেলা সমাজসেবা কার্যালয়
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
স্থায়ী ঠিকানা: জনাব মোঃ রবিউল ইসলাম, পিতা: মোঃ ইয়ার আলী, গ্রাম: চক দাউদ (বনগ্রাম), পো: বাঁকড়াইল, উপজেলা: পত্নীতলা, জেলা: নওগাঁ।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৬২.২৬. ১৭৮ (১৮)

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ / ২৫ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সীগঞ্জ/মানিকগঞ্জ।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোসহ)।
৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
৯. উপজেলা সমাজসেবা অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ/সিংগাইর, মানিকগঞ্জ।

25.08.26

(শেখ খলিল আল রশিদ)
উপপরিচালক
শৃঙ্খলা-তদন্ত, আইন-বিধি শাখা

অভিযোগ বিবরণী

জনাব মোঃ রবিউল ইসলাম, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ প্রাক্তন কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, সিংগাইর, মানিকগঞ্জ কর্মকালীন বিগত ২১/০৫/২০২৬ হতে ৩১/০৫/২০২৬ তারিখ পর্যন্ত ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। ছুটি শেষে কর্মস্থলে উপস্থিত থাকার কথা থাকলেও তিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকেন। এবিষয়ে সংশ্লিষ্ট কার্যালয় হতে ০৮/০৬/২০২৬ তারিখ ৪১.০১.৫৬৮২.০১৫.১৭৪.১৬.২৫.১২০ সংখ্যক স্মারক এবং ১৪/০৬/২০২৬ তারিখ ৪১.০১.৫৬৮২.০১৫.১৭৪.১৬.২৫.১২৫ সংখ্যক স্মারক মূলে তাকে কৈফিয়ত তলব করা হয়। তিনি কৈফিয়ত তলবের তোয়াক্কা না করে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তার এহেন আচরণে মাঠপর্যায়ে তদারকিসহ দাপ্তরিক কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে যা সরকারের ভাবমুর্তি ক্ষুন্ন করছে।

তার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

২২/৬/২৬

**(মোঃ সাইফুল ইসলাম)**
**উপসচিব**
পরিচালক (প্রশাসন ও অর্থ)